

বিষয়: আপনার প্রতিষ্ঠানে “Skill Development for Mobile Game & Application” প্রকল্পটির মোবাইল এ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে ‘ভিশনঃ ২০২১’ গ্রহণ করেছে; যার মাধ্যমে তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে এ খাতের দেশীয় শিল্পের প্রসার ও আন্তর্জাতিক বাজারে গ্রহণযোগ্য অবস্থান তৈরির পরিকল্পনা রয়েছে। এ লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে “Skill Development for Mobile Game & Application Project” শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করেছে। প্রকল্পটির মাধ্যমে ছাত্র/ছাত্রীদের Mobile Game & Application সম্পর্কে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হবে। মোবাইল গেম ও এ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট এ উন্নত দেশের সাথে প্রতিযোগিতায় টিকে থাকা এ প্রকল্পের অন্যতম লক্ষ্য। তাছাড়া বিশ্ব বাজারে যোগাযোগ বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, যোগ্য প্রশিক্ষক ও পরামর্শক তৈরি করে সারা দেশে মোবাইল অ্যাপ এবং গেম ডেভেলপমেন্ট কোম্পানিগুলির সুসম বিকাশকে উন্নীত করার লক্ষ্যে এ প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মোবাইল অ্যাপ প্রশিক্ষণ কার্যক্রমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে মাল্টিমিডিয়া কন্টেন্ট এন্ড কমিউনিকেশনস লিমিটেড (এমসিসি লি:) মোবাইল এ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট প্রশিক্ষণ প্রদান করবেন।

প্রকল্পের আওতায় দেশব্যাপী মোবাইল গেম ও এ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট এর বিশেষায়িত প্রশিক্ষণে সর্বমোট ২০০ ঘণ্টার প্রশিক্ষণ বিনামূল্যে প্রদান করা হবে। প্রতিটি ব্যাচ এ ৩৫-৪০ শিক্ষার্থী অংশগ্রহণ করবে। প্রশিক্ষণ শেষে প্রতিটি সফল/উত্তীর্ণ শিক্ষার্থীর প্রতিজনকে আর্থিক বৃত্তি ও সনদ প্রদান করা হবে এবং ৩ দিনের Industrial Attachment থাকবে।